# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ১৭ জানুয়ারি, ২০০৮ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন সামসুল আলম, (জি), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন সাইফ সিদ্দিকী, পিএসসি, জিডি (পি) -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) মেজর আবু নোমান মোঃ মোছলেহ উদ্দীন -- সদস্য
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।

(৪) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী -- সদস্য
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস।

(৫) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস রিষদ, লেঃ কর্ণেল মোহাঃ আব্দুল খালেক (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ য়েরুজ্জামান, পিএসসি, সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় লোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

ালোচ্যসূচী-১ ঃ গত ২৮ নভেম্বর, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

হীত সিদ্ধান্ত ঃ গত ২৮ নভেম্বর, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

ালোচ্যসূচী-২ ঃ নভেম্বর ও ডিসেম্বর, ২০০৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

হীত সিদ্ধান্ত ঃ নভেম্বর ও ডিসেম্বর, ২০০৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

ালোচ্যসূচী-৩ ঃ নভেম্বর ও ডিসেম্বর, ২০০৭ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ নভেম্বর ও ডিসেম্বর, ২০০৭ মাসের আয়-ব্যয়ের খাতওয়ারী হিসাব বিবরণীসহ রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন করা হলো।

চলমান পাতা-২

্যসূচী-৪ ঃ নভেম্বর ও ডিসেম্বর, ২০০৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

সিদ্ধান্ত ঃ নভেম্বর ও ডিসেম্বর, ২০০৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস সমূহে মশক নিধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য ডিওএইচএস উন্নয়ন তহবিল থেকে স্টেশন হেলথ অর্গানাইজেশন-কে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চ্যসূচী-৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/ই নং প্লটে নির্মিত বাড়ীর মালিক মেজর জেনারেল জালাল উদ্দিন আহমদ (অবঃ) এর ১৪ নভেম্বর, ২০০৭ তারিখের আবেদনের প্রেক্ষিতে বেগম সুরাইয়া বেগম চৌধুরী, স্বামী- মেজর (অবঃ) মোঃ শফিউল আলম ভূঁইয়া এর নিকট ৩/এ নং ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৯ নভেম্বর, ২০০৭ তারিখের ১৩০০/১২০/ ৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/ই নং প্লটে নির্মিত বাড়ীটি নিয়মিতকরণ সাপেক্ষে উক্ত বাড়ীর ৩/এ নং ফ্ল্যাটটি বেগম সুরাইয়া বেগম চৌধুরী, স্বামী- মেজর (অবঃ) মোঃ শফিউল আলম ভূঁইয়া এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

াচ্যসূচী-৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/ই নং প্লটে নির্মিত বাড়ীর মালিক মেজর জেনারেল জালাল উদ্দিন আহমদ (অবঃ) এর ০২ অক্টোবর, ২০০৭ তারিখের আবেদনের প্রেক্ষিতে মিসেস মেহের আক্তার বানু, স্বামী- বিএ-২৬৫০ মেজর মোঃ মামুনুর রশিদ এর নিকট ৬/বি নং ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১১ ডিসেম্বর, ২০০৭ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

ত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/ই নং প্লটে নির্মিত বাড়ীটি নিয়মিতকরণ সাপেক্ষে উক্ত বাড়ীর ৬/বি নং ফ্ল্যাটটি মিসেস মেহের আক্তার বানু, স্বামী- বিএ-২৬৫০ মেজর মোঃ মামুনুর রশিদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

লাচ্যসূচী-৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৬/এ নং প্লটে নির্মিত বাড়ীর মালিক মিসেস জিয়াউল কুবরা মতিন এর ১৪ মার্চ, ২০০৭ তারিখের আবেদনের প্রেক্ষিতে বেগম রোকসানা আমজাদ, স্বামী- লেঃ কর্ণেল আমজাদ হোসেন ফকির এর নিকট ৩য় তলা (পশ্চিম পার্শ্ব) নং ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৯ অক্টোবর, ২০০৭ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

ীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৬/এ নং প্লটে নির্মিত বাড়ীর ৩য় তলা (পশ্চিম পার্শ্ব) নং ফ্ল্যাটটি বেগম রোকসানা আমজাদ, স্বামী- লেঃ কর্ণেল আমজাদ হোসেন ফকির এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৩

আলোচ্যসূচী-৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৪৩/ই নং প্লটে নির্মিত বাড়ীর ৫/এ নং ফ্ল্যাটটি রেজিস্ট্রিকৃত হেবা দলিল মূলে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক মেজর জেনারেল জালাল উদ্দিন আহমদ (অবঃ) তাঁর স্ত্রী বেগম আলিয়া ফাতেমা-কে দান করায় ৫/এ নং ফ্ল্যাটটি বেগম আলিয়া ফাতেমার নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর বিষয়ে তাঁর ১৮ অক্টোবর, ২০০৭ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৪৩/ই নং প্লটে নির্মিত বাড়ীটি নিয়মিতকরণ সাপেক্ষে উক্ত বাড়ীর ৫/এ নং ফ্ল্যাটটি রেজিস্ট্রিকৃত হেবা দলিল মূলে দান করায় বেগম আলিয়া ফাতেমা, স্বামী- মেজর জেনারেল জালাল উদ্দিন আহমদ (অবঃ) এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৭/সি নং প্লটে নির্মিত বাড়ীর ৩/এ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে বেগম ফাতেমা-তুজ-জোহরা, স্বামী- মোঃ সাইফুল আবেদীন এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ১৭ জুন, ২০০৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৬৭/সি/ফ্ল্যাট নং-৩/এ/১৪ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে আবেদনকারীর নামে নামজারীর বিষয়ে তাঁর ০১ নভেম্বর, ২০০৭ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৭/সি নং প্লটে নির্মিত বাড়ীটি নিয়মিতকরণ সাপেক্ষে উক্ত বাড়ীর ৩/এ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে বেগম ফাতেমা-তুজ-জোহরা, স্বামী- মোঃ সাইফুল আবেদীন এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৭০ নং প্লটে নির্মিত বাড়ীর সিবি-৩ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে (১) মেজর রবিউল আফিজ (অবঃ), পিতা- আফিজ উদ্দিন আহমেদ ও (২) রুবাইয়াত রুম্পা, স্বামী- মেজর রবিউল আফিজ (অবঃ) এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৯ সেপ্টেম্বর, ২০০৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৭০/ফ্ল্যাট নং-সিবি-৩/১৭ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর বিষয়ে তাঁর ০২ জানুয়ারি, ২০০৮ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৭০ নং প্লটে নির্মিত বাড়ীর সিবি-৩ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে (১) মেজর রবিউল আফিজ (অবঃ), পিতা- আফিজ উদ্দিন আহমেদ ও (২) রুবাইয়াত রুম্পা, স্বামী- মেজর রবিউল আফিজ (অবঃ) এর নামে যৌথভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৪

আলোচ্যসূচী-১১ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৯ নং প্লটে নির্মিত বাড়ীর সি-৩ ও ডি-২ নং ফ্ল্যাট দু'টি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস হোসনে আরা ইসলাম, স্বামী- মাজহারুল ইসলাম এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৭ আগস্ট, ২০০৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৯/ফ্ল্যাট নং-সি-৩ ও ডি-২/১৬ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাট দু'টি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর বিষয়ে তাঁর ০১ জানুয়ারি, ২০০৮ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৯ নং প্লটে নির্মিত বাড়ীটি নিয়মিতকরণ সাপেক্ষে উক্ত বাড়ীর সি-৩ ও ডি-২ নং ফ্ল্যাট দু'টি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস হোসনে আরা ইসলাম, স্বামী- মাজহারুল ইসলাম এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৫৯ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক মিসেস প্রীতি করিম এর মৃত্যুজনিত কারণে তাঁর উত্তরাধিকারী ১ পুত্র $\frac{২}{৩}$ অংশ এবং ১ কন্যা $\frac{১}{৩}$ অংশের মালিক বিধায় তাদের নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে সুকান্তা করিম এর ০৯ ডিসেম্বর, ২০০৭ তারিখের আবেদনপত্র এবং উত্তরাধিকার সনদপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৫৯ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক মিসেস প্রীতি করিম এর মৃত্যুজনিত কারণে তাঁর উত্তরাধিকারী এক পুত্র ও এক কন্যার নামে যৌথভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কর্মকার ব্লকের ১৩/১, ১৩/২, ১৩/৪, ১৩/৫, ১৩/৬, ১৩/৮, ১৩/১২, ১২/১৩, ১৩/১৪, ১৩/১৫, ১৩/১৬, 'এ' ব্লকের এ/১৩-১, ৮/১৩, 'সি' ব্লকের সি/২২৭, সি/২২৮ এবং 'পাকা' ব্লকের ৩৫/বি নং ০১(এক) বছর মেয়াদী অস্থায়ী ১৬ (ষোল)টি দোকানের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০০৭ তারিখে উত্তীর্ণের প্রেক্ষিতে পরবর্তী ০১(এক) বছরের জন্য মেয়াদ নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সংশ্লিষ্ট দোকান বরাদ্দলাভকারীগণের আবেদনপত্র ও নথিসমূহ সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কর্মকার ব্লকের ১৩/১, ১৩/২, ১৩/৪, ১৩/৫, ১৩/৬, ১৩/৮, ১৩/১২, ১২/১৩, ১৩/১৪, ১৩/১৫, ১৩/১৬, 'এ' ব্লকের এ/১৩-১, ৮/১৩, 'সি' ব্লকের সি/২২৭, সি/২২৮ এবং 'পাকা' ব্লকের ৩৫/বি নং দোকানসহ ০১(এক) বছর মেয়াদী অস্থায়ী ১৬ (ষোল)টি দোকানের ইজারা মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ১(এক) বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার বাসা-বাড়ী থেকে ময়লা আবর্জনা অপসারণের নিমিত্তে গারবেজ ভ্যান ও চালক বৃদ্ধি করার জন্য বারিধারা ডিওএইচএস পরিষদ এর ২০ জুলাই, ২০০৭ তারিখের ডিওএইচএস-বা/১১০/এ্যাডমিন নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকার বাসা-বাড়ী থেকে ময়লা আবর্জনা অপসারণের নিমিত্তে ৩টি ভ্যান গাড়ী ও ৩জন ভ্যান চালক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ ঃ গত ২৮ নভেম্বর, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২১বিবিধ(৫) এর সিদ্ধান্তক্রমে ঢাকা সেনানিবাসে মশক নিধনের জন্য ২টি ফগার মেশিন, ৪টি হ্যান্ড স্প্রে মেশিন ও প্রয়োজনীয় ইনসেকটিসাইড ক্রয়ের জন্য দৈনিক পত্রিকার মাধ্যমে দরপত্র আহ্বান করা হলে গত ২৬ ডিসেম্বর, ২০০৭ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কে এম বিজনেস সেন্টার, এ-১০৯, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক দাখিলকৃত ৬,৭৭,২৯০/- (ছয় লক্ষ সাতাত্তর হাজার দুইশত নব্বই) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসে মশক নিধনের জন্য ২টি ফগার মেশিন, ৪টি হ্যান্ড স্প্রে মেশিন ও প্রয়োজনীয় ইনসেকটিসাইড ক্রয়ের জন্য কে এম বিজনেস সেন্টার, এ-১০৯, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক দাখিলকৃত ৬,৭৭,২৯০/- (ছয় লক্ষ সাতাত্তর হাজার দুইশত নব্বই) টাকার দরটি সর্বনিম দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বিএ-১১০১০৪ লেঃ কর্ণেল এস এম মকবুল আহমেদ | ৫৩৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (২) | বিডি-৭৯০২ গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল ইসলাম খন্দকার | ৫১২ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৩) | বিএ-১৯২১ লেঃ কর্ণেল কাজী হাসান মোজাহিদ | ৭০৭ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৪) | বিএ-১৯১১ লেঃ কর্ণেল মোঃ আমিনুল ইসলাম | ৬০০ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৫) | জনাব মোঃ গোলাম কিবরিয়া চৌধুরী | ৪৯৬ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৬) | বিএ-২০২৬ কর্ণেল মোঃ ফজলুর রশিদ মৃধা | ৫৩৬ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৭) | বিএসএস-১৮৮০ মেজর (অবঃ) মুহম্মদ সামসুল হক | ৫৯৪ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৮) | বিএ-২০৯৩ লেঃ কর্ণেল মোঃ গোলাম হোসেন সরদার | ৭৬৭ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৯) | বিএ-১৫৬৬ মেজর জেনাঃ মোঃ শফিকুল ইসলাম, এনডিসি, পিএসসি | ১১৬ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা [নীচতলায় এক ইউনিট] |
| (১০) | বিডি-৬০৪৫ গ্রুপ ক্যাপ্টেন গোলাম মোস্তফা (অবঃ) | ৩৬৯ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (১১) | বিএসএস-১৬০৩ লেঃ কর্ণেল মোঃ গোলাম মাওলা | ১৩৩ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (১২) | পি নং-১৮৮ কমান্ডার আবুল খায়ের চৌধুরী | ৩১০ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (১৩) | বিডি-৭০৭৬ গ্রুপ ক্যাপ্টেন এম আব্দুর রশিদ খান | ৬৬১ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (১৪) | বিএসএস-১৬০১ মেজর আল মোসাদ্দেক মাহতাবুর রহমান (অবঃ) | ১৫৫ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (১৫) | বিএসএস-১৬৫৯ লেঃ কর্ণেল কাজী কায়সার উদ্দিন | ১৬৮ | মিরপুর ডিওএইচএস | দুইটি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন |
| | বিএ-১৬৬০ লেঃ কর্ণেল আবুল কালাম মোঃ জাকী | ১৭০ | | |

চলমান পাতা-৬

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১৬) | বিএ-১৬৫১ মেজর জেনাঃ মতিউর রহমান, এনডিসি, পিএসসি | ১৭১ | মিরপুর ডিওএইচএস | দুইটি প্লটে যৌথভাবে ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| | বিএ-১৬৫২ মেজর জেনাঃ অনুপ কুমার চাকমা, এনডিসি, পিএসসি | ১৬৯ | | |
| (১৭) | বিএ-২১০৫ লেঃ কর্ণেল মোঃ রুহুল মুনির খান | ৫০৮ | মিরপুর ডিওএইচএস | দুইটি প্লটে যৌথভাবে ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| | বিএ-২০৮৫ লেঃ কর্ণেল মোঃ ফরিদ হায়দার খান | ৫১০ | | |
| (১৮) | বিএ-১৫৯৭ ব্রিগেঃ জেনাঃ মোঃ বশিরুল আনাম | ১৭৮ | মিরপুর ডিওএইচএস | দুইটি প্লটে যৌথভাবে ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| | বিএ-১৬৬৭ কর্ণেল মোঃ তৌফিকুল আনাম, পিএসসি | ১৮০ | | |
| (১৯) | বিএসএস-১৫০১ লেঃ কর্ণেল জহির উদ্দিন মো বাবর (অবঃ) | ২৩৩ | মিরপুর ডিওএইচএস | চারটি প্লটে যৌথভাবে ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| | বিএ-১৪৯৮ ব্রিগেঃ জেনাঃ শহীদুল্লাহ চৌধুরী (অবঃ) | ২৩৫ | | |
| | বিএ-১৭৫৯ লেঃ কর্ণেল আশিকুর রহমান খান (অবঃ) | ২৮৬ | | |
| | বিএ-২৭১৪ ব্রিগেঃ জেনাঃ আনোয়ার ইবনে নুর (অবঃ) | ২৮৮ | | |
| (২০) | পি নং-২৭৪ ক্যাপ্টেন মোঃ খুরশীদ মালিক | ৬৮৬ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (২১) | বিএ-১০০৩০২ ব্রিগেঃ জেনাঃ মোহাম্মদ রেজাউল আলম চৌধুরী | ৬১৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (২২) | বিএসএস-১৭৮৯ লেঃ কর্ণেল সৈয়দ হাসান ইকবাল | ৩৪৫ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (২৩) | বিডি-৭০৭৬ গ্রুপ ক্যাপ্টেন মোঃ আব্দুর রশিদ খান | ৬৬১ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (২৪) | বেগম সোফিয়া খান গং | ৪৫ | বনানী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা [আভ্যন্তরীন পরিবর্তন] |
| (২৫) | মিসেস সুফিয়া আক্তার | ২১ | মহাখালী ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন [পুরাতন ভবন ভেঙ্গে] |
| (২৬) | জনাব বাছির আহমেদ গং | ৪৪৭ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা [২য় তলার উপর ৩য়, ৪র্থ ৫ম ও ৬ষ্ঠ তলা নির্মাণ] |
| (২৭) | বিএ- ৫৮৫ ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোঃ নুরুল হক | ২২১ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা [৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ] |
| (২৮) | বিএ- ৯৮০ ব্রিগেঃ জেনাঃ রফি উদ্দিন আহমেদ (অবঃ) | ৩০৯ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা [আভ্যন্তরীন পরিবর্তন] |
| (২৯) | বিএ-১০০২০৬ ব্রিগেঃ জেনাঃ তৌফিকুল আলম<br>বিইসি-১১০০৯০ মেজর নাসিমা বেগম (অবঃ) | ৪০৮/৬ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা [আভ্যন্তরীন পরিবর্তন] |
| (৩০) | বিএসএস-৯৪২ লেঃ কর্ণেল খালেকুজ্জামান (অবঃ) | ৪৩২ | বারিধারা ডিওএইচএস | ০৪(চার) তলা নতুন ভবন |
| (৩১) | জনাব মোঃ শাহাদাত হোসেন<br>ও<br>জনাব জিএম লুৎফুর রহমান | ৫৪০/৫ | বারিধারা ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৩২) | ইঞ্জিঃ মোঃ আতিকুর রহমান গং | সিবি-২১৩/১, ২১৩/২, ২৯৯/এ | কচুক্ষেত পুরান বাজার | ০৬ (ছয়) তলা নতুন ভবন [এমইও, কেন্দ্রীয় সার্কেল থেকে ছাড়পত্র প্রদান করা হয়েছে] |
| (৩৩) | জনাব মোঃ রেজাউল হক গং | সিবি-১০ | কচুক্ষেত পুরান বাজার | ০৬ (ছয়) তলা নতুন ভবন [এমইও, কেন্দ্রীয় সার্কেল থেকে ছাড়পত্র প্রদান করা হয়েছে] |
| (৩৪) | জনাব মোঃ রফিক উল্লাহ গং | সিবি-১৬৬/২ | কচুক্ষেত পুরান বাজার | ০৪ (চার) তলা নতুন ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে উপস্থাপিত নকশাসমূহ কারিগরীভাবে সঠিক থাকায় অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-৩৪ এর উল্লেখিত নকশাটির ব্যাপারে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এর মতামত গ্রহণ সাপেক্ষে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

চলমান পাতা-৭

আলোচ্যসূচী-১৭ ঃ সেনা হোটেল ডেভলোপমেন্ট লিঃ এর আওতাধীন রেডিসন ওয়াটার গার্ডেন হোটেলের গভীর নলকূপ ও স্যুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্টের নকশা অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে সেনা হোটেল ডেভলোপমেন্ট লিঃ এর আওতাধীন রেডিসন ওয়াটার গার্ডেন হোটেলের স্যুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্টের নকশা অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। গভীর নলকূপ স্থাপনের বিষয়ে সেনা হোটেল ডেভলোপমেন্ট ও ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলীর সমন্বয়ে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো এবং উক্ত কমিটি উল্লেখিত স্থানে গভীর নলকূপ স্থাপনের বিষয়ে সরেজমিন পরিদর্শন করে মতামত প্রদান করবেন ঃ-

| | | | |
|---|---|---|---|
| (ক) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড<br>৩৪৬, বারিধারা ডিওএইচএস<br>ঢাকা সেনানিবাস। | -- | আহ্বায়ক |
| (খ) | জনাব মোঃ আলম খান<br>নির্বাহী প্রকৌশলী<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (গ) | প্রতিনিধি<br>সেনা হোটেল ডেভলোপমেন্ট<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |

আলোচ্যসূচী-১৮ ঃ জন্ম ও মৃত্যু নিবন্ধন (ক্যান্টনমেন্ট) বিধিমালা, ২০০৬ এর নির্দেশনা অনুসারে BRC Form-3 মোতাবেক জন্ম সনদ পত্র প্রদানের নিমিত্তে ১৪০ গ্রাম আর্ট কার্ডে ৪ রঙা ২০,০০০টি জন্ম সনদপত্র ছাপানোর নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ০৭ জানুয়ারি, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মডার্ণ কম্পিউটার এন্ড প্রিন্টার্স, ই-১০৭, মহাখালী স্কুল রোড, গুলশান, ঢাকা-১২১২ কর্তৃক প্রদত্ত ৯১,৪০০/- (একানব্বই হাজার চারশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত কাজের সমুদয় ব্যয় জন্ম নিবন্ধন কার্যক্রমের আয় দ্বারা নির্বাহ করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে জন্ম ও মৃত্যু নিবন্ধন (ক্যান্টনমেন্ট) বিধিমালা, ২০০৬ এর নির্দেশনা অনুসারে BRC Form-3 মোতাবেক জন্ম সনদ পত্র প্রদানের নিমিত্তে ১৪০ গ্রাম আর্ট কার্ডে ৪ রঙা ২০,০০০টি জন্ম সনদপত্র ছাপানোর নিমিত্তে মডার্ণ কম্পিউটার এন্ড প্রিন্টার্স, ই-১০৭, মহাখালী স্কুল রোড, গুলশান, ঢাকা-১২১২ কর্তৃক প্রদত্ত ৯১,৪০০/- (একানব্বই হাজার চারশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৯ ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় নীচতলায় নিরাপত্তা প্রহরীদের জন্য গার্ডরুম নির্মাণসহ স্যুয়ারেজ পাইপ ও পানির পাইপের ডাক্ট নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে শুধুমাত্র মিরপুর ডিওএইচএস এলাকায় নীচতলায় নিরাপত্তা প্রহরীদের জন্য সর্বোচ্চ ৬০.০০ বর্গফুট আয়তনের গার্ডরুম নির্মাণসহ স্যুয়ারেজ পাইপ ও পানির পাইপের সর্বোচ্চ ০.৫০ মিটার প্রশস্ততার অব্যবহারযোগ্য (প্রয়োজনের অধিক সংখ্যক নয়) ডাক্ট নির্মাণের বিষয়টি অনুমোদনের নিমিত্তে সেনানিবাস (ইমারত নির্মণ) উপ-আইন, ১৯৯৪ সংশোধনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৮

আলোচ্যসূচী-২০ ঃ শহীদ সরণিস্থ বীর উত্তম শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজের চৌরাস্তা হতে শহীদ বাশার রোড পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে উচ্চ চাপের (২৫০ ওয়াট) সোডিয়াম বাতি স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে শহীদ সরণিস্থ বীর উত্তম শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজের চৌরাস্তা হতে শহীদ বাশার রোড পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে উচ্চ চাপের (২৫০ ওয়াট) সোডিয়াম বাতি স্থাপনের প্রস্তাবটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২১ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত সাব-মারসিবল পানির পাম্প নষ্ট হয়ে যাওয়ায় মিলনার্স পাম্পস লিমিটেড কর্তৃক তা উত্তোলন, মেরামত ও পুনঃস্থাপন বাবদ ৯১,৯৭৪/- (একানব্বই হাজার নয়শত চুয়াত্তর) টাকার বিল দাখিল করা হয়েছে। উক্ত বিল পরিশোধের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত সাব-মারসিবল পানির পাম্প নষ্ট হয়ে যাওয়ায় মিলনার্স পাম্পস লিমিটেড কর্তৃক তা উত্তোলন, মেরামত ও পুনঃস্থাপন বাবদ ৯১,৯৭৪/- (একানব্বই হাজার নয়শত চুয়াত্তর) টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ২০০৭-২০০৮ আর্থিক সালে নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বৈদ্যুতিক মালামাল ক্রয় প্রসংগে। | ৯,৫৬,৮৬১/- টাকা | বাজেট বরাদ্দ |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/ডি-২, ১৩ ও ৬ নং বাসা ৩টি মেরামত ও রং চুনাকরণ কাজ। | ৬৪,৪২৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/সি ও ৪/এ নং বাসা ২টি মেরামত ও রং চুনাকরণ কাজ। | ৪৫,৯৪৪/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪/বি (দোতালা-পূর্ব পার্শ্ব) ও ৬৫/ডি-৬ নং বাসা ২টি মেরামত ও রংচুনাকরণ কাজ। | ৫৭,৬৭০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯১ (দোতলা) নং বাসা (পরিত্যক্ত সম্পত্তি) ও শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন ৬০/৩ ও ৬০/১০ (নির্ধারিত ভাড়া) বাসা ৩টি মেরামত ও রং চুনাকরণ কাজ। | ৪৯,৭১১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৬) | রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ড ও প্রবেশের মুখ মেরামত কাজ। | ৭,৯৫,৯৩০/- টাকা | অনুদান |
| (৭) | শহীদ মোস্তফা কামাল লাইনে শিশু পার্ক নির্মাণ। | ১,৯৭,৯৮২/- টাকা | অনুদান |
| (৮) | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে ঢাকা ওয়াসার অবৈধ স্থাপনা অপসারণ করায় উক্ত প্লটের পূর্ব পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ৫০,৯৪১/- টাকা | বোর্ডের স্থানীয় আয়ের উৎস |

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে উপস্থাপিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫ এ উল্লেখিত প্রকল্পসমূহের দরপত্র আহ্বানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পসমূহ চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | অতি বৃষ্টির কারণে সৃষ্ট স্বাধীনতা সরণির ছোট/বড় গর্ত মেরামত ও কার্পেটিং কাজ। | ৯৯,৯১৯/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ১,১১,৪২৭/১৪ টাকা | রক্ষণাবেক্ষণ খাত |
| (২) | শহীদ সরণিস্থ সেনা মিলনায়তনের সম্মুখে ফুট ওভার ব্রিজের নীচে স্থানান্তরযোগ্য রোড ডিভাইডার ও ৯ নং রোডের পূর্ব পার্শ্বে রাস্তা প্রশস্তকরণ কাজ। | ৬,৪৭,২৮১/- টাকা | মেসার্স ফরিদা ট্রেডার্স | ৭,০৫,৬৭৪/৩৩ টাকা | অনুদান |

চলমান পাতা-৯

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের উত্তর পশ্চিম প্রান্তে ৮১ নং প্লটের খালি জমিতে আংশিক রিকশা স্ট্যান্ড নির্মাণ, পশ্চিম পার্শ্বে মার্গ হাউসের পূর্বে পাকা ড্রেন নির্মাণ এবং ধামালকোটগামী রাস্তা কার্পেটিংকরণ। | ২,৯৫,০৭৮/- টাকা | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ৩,৩৯,২০৫/১১ টাকা | অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে TEC (Tender Evaluation Committee) কর্তৃক মূল্যায়নকৃত দর মোতাবেক উপরোল্লিখিত প্রকল্পগুলোর দর নিম্নবর্ণিতভাবে অনুমোদনসহ ক্রমিক নং-২ এ উল্লেখিত প্রকল্পের স্পেসিফিকেশন উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে পরিবর্তিত হওয়ায় সংশোধিত মূল্যানুমান ও অন্যান্য কাগজাদি চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর |
|---|---|---|---|
| (১) | অতি বৃষ্টির কারণে সৃষ্ট স্বাধীনতা সরণির ছোট/বড় গর্ত মেরামত ও কার্পেটিং কাজ। | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ১,১১,৪২৭/১৪ টাকা |
| (২) | শহীদ সরণিস্থ সেনা মিলনায়তনের সম্মুখে ফুট ওভার ব্রিজের নীচে স্থানান্তরযোগ্য রোড ডিভাইডার ও ৯ নং রোডের পূর্ব পার্শ্বে রাস্তা প্রশস্ত করণ কাজ। | মেসার্স ফরিদা ট্রেডার্স | - |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের উত্তর পশ্চিম প্রান্তে ৮১ নং প্লটের খালি জমিতে আংশিক রিকশা স্ট্যান্ড নির্মাণ, পশ্চিম পার্শ্বে মার্গ হাউসের পূর্বে পাকা ড্রেন নির্মাণ এবং ধামালকোটগামী রাস্তা কার্পেটিংকরণ। | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ৩,৩৯,২০৫/১১ টাকা |

আলোচ্যসূচী-২৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের দক্ষিণ পার্শ্বে নব-নির্মিত বিল্ডিং এর উপর দোতলায় শ্রেণী কক্ষ নির্মাণ। | ২,০৯,৩৪১/- টাকা | মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স |
| (২) | সেনাভবনের দক্ষিণ পার্শ্বে লেকের দক্ষিণ পাড়ে কাঁটা তারের বেড়া স্থাপন কাজ। | ১১,৭২৪/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ |
| (৩) | বনানী ডিওএইচএস এলাকার কমিউনিটি সেন্টারের মাঠের চতুর্দিকে বাউন্ডারী ওয়াল মেরামত ও পুনঃনির্মাণ। | ২৭,৪১৫/- টাকা | মেসার্স রহমান ট্রেডার্স |
| (৪) | বনানী ডিওএইচএস এলাকায় দুস্থ শিশুদের জন্য স্কুল মেরামত ও পুনঃনির্মাণ। | ২৮,৭১৭/- টাকা | মেসার্স রহমান ট্রেডার্স |
| (৫) | বনানী ডিওএইচএস এলাকার ১০৯ নং প্লটের সম্মুখে রাস্তা মেরামত ও ড্রেন নির্মাণ। | ২১,৫৩৫/- টাকা | মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল |
| (৬) | মহাখালী ডিওএইচএস এলাকার ৩৫ নং রোড, রোড নং-৩৪ হতে ৩৫, ৩১ হতে ৩২, ৩০ হতে ৩১ এবং ২৯ হতে ৩০ এর সংযোগ সড়কের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১,৬৪,৪৮০/- টাকা | মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল |
| (৭) | মহাখালী ডিওএইচএস এলাকার ৩২ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১,৩৯,৪৬১/- টাকা | মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স |
| (৮) | মহাখালী ডিওএইচএস এলাকার ৩১ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১,৬৭,২৭৩/- টাকা | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ |
| (৯) | মহাখালী ডিওএইচএস এলাকার ৩০ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১,৫৪,১৯১/- টাকা | মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স |
| (১০) | মহাখালী ডিওএইচএস এলাকার ২৯ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১,৭৬,৬০৫/- টাকা | মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স |

চলমান পাতা-১০

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১১) | মহাখালী ডিওএইচএস এলাকার ৩৪ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৩৬,২৫৪/- টাকা | মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল |
| (১২) | মহাখালী ডিওএইচএস এলাকার ৩২ হতে ৩৪ নং সংযোগ সড়কের কার্পেটিং কাজ। | ৩৬,২৪৯/- টাকা | মেসার্স লাকী ট্রেডার্স |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় সংশ্লিষ্ট প্রকৌশলী ও ব্যবহারকারী/উপকারভোগীর প্রত্যয়ন সাপেক্ষে জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫ বিবিধ (১) ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় আইএসপিসহ আইটি ব্যবসার নিমিত্তে লেঃ কর্ণেল মুহাম্মদ শাহজাহান, দেশ বিডি টেকনোলজি, হাউজ#বি/১১৭, রোড#৭, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস অত্র দপ্তরে ০৬ আগষ্ট, ২০০৭ তারিখে আবেদন করেন। এ বিষয়ে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র চাওয়া হলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৩ জানুয়ারি, ২০০৮ তারিখের ১৯০০/৬০/ডিজিএফআই নং পত্রের মাধ্যমে নির্ধারিত শর্ত সাপেক্ষে ডিওএইচএস মহাখালী এলাকায় আইএসপিসহ আইটি ব্যবসা করার নিমিত্তে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, উক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এলাকার আবেদিত প্রতিষ্ঠানের অনুকূলে BTRC হতে আইএসপি লাইসেন্স প্রাপ্তির পর বিষয়টি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। সংশ্লিষ্ট আবেদনকারীকে বিষয়টি অবহিত করা হোক।

৫ বিবিধ (২) ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/ই নং প্লটে নির্মিত বাড়ীর মালিক মেজর জেনারেল জালাল উদ্দিন আহমদ (অবঃ) এর ৩১ অক্টোবর, ২০০৭ তারিখের আবেদনের প্রেক্ষিতে মিসেস রাশিদা খাতুন (সেলিনা), স্বামী- ডাঃ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ মোফাজ্জেল হোসেন এর নিকট ৫/বি নং ফ্ল্যাটটি বিক্রয়/ হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১০ জানুয়ারি, ২০০৮ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/ই নং প্লটে নির্মিত বাড়ীটি নিয়মিতকরণ সাপেক্ষে উক্ত বাড়ীর ৫/বি নং ফ্ল্যাটটি মিসেস রাশিদা খাতুন (সেলিনা), স্বামী- ডাঃ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ মোফাজ্জেল হোসেন এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫ বিবিধ (৩) ঃ গত ৩০ মার্চ, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৭(১০) এর গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে অটবি লিঃ হতে প্রধান শিক্ষিকা, সেনাপল্লী হাই স্কুল কর্তৃক গৃহীত কনফারেন্স টেবিল এর মূল্য বাবদ ৭০,৬৫০/- (সত্তর হাজার ছয়শত পঞ্চাশ) টাকা পরিশোধের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে অটবি লিঃ হতে প্রধান শিক্ষিকা, সেনাপল্লী হাই স্কুল কর্তৃক গৃহীত কনফারেন্স টেবিল এর মূল্য বাবদ ৭০,৬৫০/- (সত্তর হাজার ছয়শত পঞ্চাশ) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত অর্থ সংশ্লিষ্ট বিদ্যালয়ের তহবিল হতে সংকুলান করা হবে।

চলমান পাতা-১১

২৫ বিবিধ (৪) ঃ গত ২৮ নভেম্বর, ২০০৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১০ এর সিদ্ধান্তক্রমে ঢাকা সেনানিবাসস্থ শহীদ বদিউজ্জামান ১ নং রোডের পশ্চিমে আইএসপিআর অফিস সংলগ্ন জলাশয়টি লীজ প্রদানের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে কোন দরপত্র পাওয়া যায়নি। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ শহীদ বদিউজ্জামান ১ নং রোডের পশ্চিমে আইএসপিআর অফিস সংলগ্ন জলাশয়টি লীজ প্রদানের নিমিত্তে পুনঃদরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫ বিবিধ (৫) ঃ ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত লেন নং- ২, ৯, ১০, ১১ ও ২০ মেরামত ও সীলকোটকরণ কাজের জন্য এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ মোতাবেক ৯৪,৯২০/- (চুরানব্বই হাজার নয়শত বিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত লেন নং- ২, ৯, ১০, ১১ ও ২০ মেরামত ও সীলকোটকরণ কাজের জন্য এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ মোতাবেক ৯৪,৯২০/- (চুরানব্বই হাজার নয়শত বিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৫ বিবিধ (৬) ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০ নং বাসার বাহির পার্শ্ব মেরামত ও রংকরণ কাজের জন্য এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ মোতাবেক ৭৮,০০০/- (আটাত্তর হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০ নং বাসার বাহির পার্শ্ব মেরামত ও রংকরণ কাজের জন্য এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ মোতাবেক ৭৮,০০০/- (আটাত্তর হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৫ বিবিধ (৭) ঃ পবিত্র ঈদ-উল-আযহার জামাত উপলক্ষে ঢাকা সেনানিবাসস্থ কেন্দ্রীয় ঈদগাহ মাঠ সজ্জিতকরণের জন্য ২টি *গেইট, ইমাম সাহেবের প্যান্ডেলসহ ১৮০-০″ × ১৩০ - ০″ ত্রিপল, ম্যাট এবং সাদা চাদর দ্বারা বিছানার জন্য ২৬ নভেম্বর, ২০০৭ তারিখের 'দৈনিক যুগান্তর' পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হলে ১২ নভেম্বর, ২০০৭* তারিখে ০২(দুই)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স আব্দুল হক এন্ড সন্স, ৬০/এ, হযরত শাহ আলী মাজার রোড, মিপুর কর্তৃক ৭১,৮৬০/- (একাত্তর হাজার আটশত ষাট) টাকা এবং মেসার্স সাগর ডেকোরেটর, ৫৭, ক্যান্টনমেন্ট সুপার মার্কেট, ঢাকা কর্তৃক ৩৯,২০০/- (উনচল্লিশ হাজার দুইশত) টাকার দর প্রদান করা হয়। এদের মধ্যে মেসার্স সাগর ডেকোরেটর কর্তৃক প্রদত্ত ৩৯,২০০/- (উনচল্লিশ হাজার দুইশত) টাকার দরটি সর্বনিম্ন বিধায় তা ঘটনোত্তর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

ত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে পবিত্র ঈদ-উল-আযহার জামাত উপলক্ষে ঢাকা সেনানিবাসস্থ কেন্দ্রীয় ঈদগাহ মাঠ সজ্জিতকরণের জন্য ২টি গেইট, ইমাম সাহেবের প্যান্ডেলসহ ১৮০-০″ × ১৩০ - ০″ ত্রিপল, ম্যাট এবং সাদা চাদর দ্বারা বিছানার জন্য সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স সাগর ডেকোরেটর-কে ৩৯,২০০/- (উনচল্লিশ হাজার দুইশত) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১২

২৫ বিবিধ (৮) ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাসদর, এএফডি ও সেনা কেন্দ্রীয় মসজিদ এলাকায় রোপণের জন্য ১৫ (পঁনের) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ (প্রতি প্যাকেটে ১০০০টি বীজ) ক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হলে গত ০১ নভেম্বর, ২০০৭ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে গার্ডেন সেন্টার, বাড়ী#২৮৪, রোড#১৯, ধানমন্ডি, ঢাকা কর্তৃক প্রতি হাজার ৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ) টাকা হিসেবে প্রদত্ত ৪৮,৭৫০/- (আটচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ সেনাসদর, এএফডি ও সেনা কেন্দ্রীয় মসজিদ এলাকায় রোপণের জন্য ১৫ (পঁনের) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ (প্রতি প্যাকেটে ১০০০টি বীজ) ক্রয়ের জন্য গার্ডেন সেন্টার, বাড়ী#২৮৪, রোড#১৯, ধানমন্ডি, ঢাকা কর্তৃক প্রদত্ত ৪৮,৭৫০/- (আটচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

২৫ বিবিধ (৯) ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাভবনে শীতকালীন ফুলের চারা রোপণের জন্য বিভিন্ন রঙের ১৫ (পঁনের) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ (প্রতি প্যাকেটে ১০০০টি বীজ) ক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হলে গত ১৫ নভেম্বর, ২০০৭ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে গার্ডেন সেন্টার, বাড়ী#২৮৪, রোড#১৯, ধানমন্ডি, ঢাকা কর্তৃক প্রতি হাজার ৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ) টাকা হিসেবে প্রদত্ত ৪৮,৭৫০/- (আটচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ সেনাভবনে শীতকালীন ফুলের চারা রোপণের জন্য বিভিন্ন রঙের ১৫ (পঁনের) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ (প্রতি প্যাকেটে ১০০০টি বীজ) ক্রয়ের জন্য গার্ডেন সেন্টার, বাড়ী#২৮৪, রোড#১৯, ধানমন্ডি, ঢাকা কর্তৃক প্রদত্ত ৪৮,৭৫০/- (আটচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

২৫ বিবিধ(১০) ঃ ঢাকা সেনানিবাসস্থ শিখা অনির্বাণসহ বিভিন্ন স্থানে রোপণের জন্য ১৫ (পঁনের) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ (প্রতি প্যাকেটে ১০০০টি বীজ) ক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হলে গত ২২ নভেম্বর, ২০০৭ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে গার্ডেন সেন্টার, বাড়ী#২৮৪, রোড#১৯, ধানমন্ডি, ঢাকা কর্তৃক প্রতি হাজার ৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ) টাকা হিসেবে প্রদত্ত ৪৮,৭৫০/- (আটচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ শিখা অনির্বাণসহ বিভিন্ন স্থানে রোপণের জন্য ১৫ (পঁনের) প্যাকেট হাইব্রিড ইনকা ফুলের বীজ (প্রতি প্যাকেটে ১০০০টি বীজ) ক্রয়ের জন্য গার্ডেন সেন্টার, বাড়ী#২৮৪, রোড#১৯, ধানমন্ডি, ঢাকা কর্তৃক প্রদত্ত ৪৮,৭৫০/- (আটচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

২৫ বিবিধ(১১) ঃ মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা স্থাপনের নিমিত্তে কনসালটেন্ট নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা স্থাপনের নিমিত্তে কনসালটেন্ট নিয়োগের পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৩

২৫বিবিধ(১২) ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ১১৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৪র্থ তলার উপর ৫ম তলার নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ বিষয়ে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ১৫ জানুয়ারি, ২০০৮ তারিখের বিডি/এলসি/৭৬৬/৭৭/১১৯/৪০ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট নকশাটি ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫বিবিধ(১৩) ঃ রজনীগন্ধা অফিসার্স আবাসিক এলাকায় ড্রেন পরিষ্কারের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা অফিসার্স আবাসিক এলাকায় ড্রেন পরিষ্কারের নিমিত্তে মূল্যানুমান প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫বিবিধ(১৪) ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন কনভেনশন সেন্টার এর নির্মাণ কাজ সার্বক্ষণিক তদারকির জন্য একজন প্রকৌশলী নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ বিষয়ে বারিধারা ডিওএইচএস পরিষদ এর ০৩ জানুয়ারি, ২০০৮ তারিখের ডিওএইচএস-বা/১১৬/নির্মাণ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে বারিধারা ডিওএইচএস পরিষদ এর মনোনীত মেজর (অবঃ) এ কে এম নুরুল আলম, বাড়ী#৪২৬, রোড#৭, ঢাকা সেনানিবাস-কে মাসিক সর্বসাকুল্যে ১০,০০০/- (দশ হাজার) টাকা (নির্ধারিত) সম্মানীতে বারিধারা ডিওএইচএস এর নির্মাণাধীন কনভেনশন সেন্টারের নির্মাণ কাজ সার্বক্ষণিক তদারকির নিমিত্তে নিয়োজিত করার প্রস্তাব অনুমোদনের জন্য সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ হামিদুর রহমান )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।